গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত সভার কার্যবিবরণী-২

সভাপতি : জনাব এস.এম.আনছারুজ্জামান, পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ২৭ ডিসেম্বর ২০২৩
সময় : সকাল ১০:০০ ঘটিকা
স্থান : হোপ কনফারেন্স কক্ষ (৩য় তলা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

আলোচ্য বিষয়:

ক) কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
খ) বাজেট বিভাজন সংক্রান্ত আলোচনা;
গ) বিবিধ।

(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ইনোভেশন কমিটির সদস্যগণকে স্বাগত জানিয়ে পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার, ইনোভেশন টীম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সভার কাজ শুরু করেন। সভায় আলোচ্য বিষয়াবলী উপস্থাপনের জন্য ঢাকা ও চট্রগ্রাম বিভাগের মেন্টর যথাক্রমে জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, সহকারী পরিচালক ও জনাব মোঃ শাহীন মিয়া, শিক্ষা অফিসারকে নির্দেশনা দিলে তাঁরা ধারাবাহিকভাবে বিষয়সমূহ উপস্থাপন করেন। এজেন্ডা অনুযায়ী আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ক. | কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা; | **ক্রমিক নং- ১.১.১** মোতাবেক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ মোতাবেক প্রতিটি দপ্তর/সংস্থার অফিস ব্যবস্থা সহজিকরণ/ডিজিটাইজশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা ১৬/০৫/২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন করার বাধ্যবাধকতা আছে মর্মে সভায় অবহিত করা হয়। চলতি অর্থবছরে নিম্নোক্ত ২টি সেবাকে সহজিকরণের বিষয়ে আলোচনা করা হয়। সেবাগুলো হচ্ছে: ক) অনলাইনে এসিআর সংরক্ষণ ও ব্যবস্থাপনা খ) IPEMIS এর মাধ্যমে বিভিন্ন ধরণের সেবা যেমন: বহি: বাংলাদেশ ছুটি, পদায়ন, বদলি কার্যক্রম অনলাইনে বাস্তবায়ন করা। কার্যক্রমগুলো প্রশাসন বিভাগ ও আইএমডি থেকে বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>**ক্রমিক নং ১.২.১** বিগত অর্থবছরের বাস্তবায়িত, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ সংরক্ষণের জন্য ওয়েবসাইটে ইনোভেশন বক্সে ‘সেবাকুঞ্জ’ নামে একটি লিংক স্থাপন করা হয়েছে। সেবাকুঞ্জে সেবামূহের ডাটাবেজ হালনাগাদ করে সংরক্ষণ কার্যক্রম চলমান রয়েছে মর্মে ইনোভেশন টীমের সদস্য জনাব শরীফ উল ইসলাম, শিক্ষা অফিসার সভায় অবহিত করেন।<br><br>ক্রমিক নং ১.৩.১ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে বিভাগ, জেলা ও জাতীয় পর্যায়ে শোকেসিং এর আয়োজন করার নির্দেশনা রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ আইডিয়াগুলো নিয়ে বিভাগ পর্যায়ে এবং বিভাগ পর্যায়ের শ্রেষ্ঠ | ১.১.১ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অনলাইনভিত্তিক ২টি সেবা সহজিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সেবাগুলো হলো:<br>ক) অনলাইনে এসিআর সংরক্ষণ ও ব্যবস্থাপনা;<br>খ) IPEMIS এর মাধ্যমে বিভিন্ন ধরনের সেবা যেমন: বহি: বাংলাদেশ ছুটি, পদায়ন, বদলি কার্যক্রম অনলাইনে বাস্তবায়ন;<br>বাস্তবায়ন: প্রশাসন বিভাগ ও আইএমডি।<br>১.২.১ বিগত অর্থবছরের উদ্ভাবন ও সেবা সহজিকরণের তথ্য হালনাগাদ করে সেবাসমূহ চালু রাখাসহ বর্তমান অর্থবছরে উদ্ভাবন ও সেবাসহজিকরণের তথ্য সেবাকুঞ্জে অর্ন্তভুক্তকরণের কাজ চলমান রাখতে হবে। বাস্তবায়ন: জনাব মোঃ শাহীন মিয়া, শিক্ষা অফিসার।<br>১.৩.১ আগামী ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে শোকেসিং উপযোগী নতুন ইনোভেশন আইডিয়া/ ডিজিটাইজকৃত সেবা সংগ্রহ করে |

| | | | |
|---|---|---|---|
| | | আইডিয়াগুলো নিয়ে জাতীয় পর্যায়ে শোকেসিং এর আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সে লক্ষ্যে মাঠপর্যায় থেকে ধারণাসমূহ সংগ্রহ করে শোকেসিং এর উপযোগী করতে সভাপতি দায়িত্বপ্রাপ্ত মেন্টর সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। আইডিয়া সংগ্রহের নিমিত্ত মেন্টরগণকে বিভাগ/জেলা পর্যায় থেকে ধারণা সংগ্রহ করে আগামী ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবর দাখিলের প্রস্তাবনা করা হয়।<br>ক) জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, সহকারী পরিচালক- ঢাকা বিভাগ।<br>খ) জনাব মোঃ শাহীন মিয়া, শিক্ষা অফিসার- চট্রগ্রাম বিভাগ।<br>গ) জনাব মোঃ জিন্নাত আলী বিশ্বাস, শিক্ষা অফিসার- খুলনা বিভাগ।<br>ঘ) জনাব মোঃ ফিরোজ কবীর, গবেষণা কর্মকর্তা- রাজশাহী বিভাগ।<br>ঙ) জনাব মাজেদা সুলতানা, শিক্ষা অফিসার- ময়মনসিংহ বিভাগ।<br>চ) জনাব কে এম সাঈদা ইরানী, শিক্ষা অফিসার- সিলেট বিভাগ।<br>ছ) জনাব কানিজ ফাতেমা, গবেষণা কর্মকর্তা- রংপুর বিভাগ।<br>জ) জনাব তাবশিরা ইসলাম লিজা, শিক্ষা অফিসার- বরিশাল বিভাগ। | পরিচালক (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে। বিভাগের দায়িত্বপ্রাপ্ত মেন্টরগণকে বিগত বছরের শোকেসিং থেকে শ্রেষ্ঠ (১ম/ ২য়/৩য় স্থান অধিকারী) আইডিয়াগুলো সংগ্রহ করে জাতীয় পর্যায়ে শোকেসিং এ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়ন: দায়িত্বপ্রাপ্ত মেন্টরগণ। |
| | | **ক্রমিক নং ১.৪.১** মোতাবেক দাপ্তরিক কার্যক্রমসমূহ ই- নথিতে নিষ্পন্নের হার ৮৫% এ উন্নতি করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা থাকায় সকল শাখার পরিচালকগণকে অবহিত করে ইউও নোট প্রদান করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন বিভাগসমূহ থেকে সংগ্রহ করে এ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | ১.৪.১ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নথিসমূহ ই/ডি- নথিতে নুন্যতম ৮৫% নিষ্পন্ন করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। |
| | | **ক্রমিক নং ১.৫.১** স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ৪টি কর্মশালা/সভা/ সেমিনার আয়োজনের নির্দেশনা থাকায় বিগত ০৮ আগস্ট ২০২৩ তারিখ এবং ২য় কর্মশালা ১৮ ডিসেম্বর ২০২৩ আয়োজন করা হয়। কর্মশালায় এটুআই, প্রাগম, ডিপিই এর কর্মকর্তাগণ অংশগ্রহণ করে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করেন মর্মে সভায় অবহিত করা হয়। | ১.৫.১ অবশিষ্ট ০২টি কর্মশালা নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।<br>বাস্তবায়ন: এপিএ সেল। |
| | | **ক্রমিক নং ১.৫.২** এ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনার খসড়া চূড়ান্ত করার নিমিত্ত ০৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়। কমিটির সদস্যবৃন্দ<br>ক) জনাব অনুজ কুমার রায়, সিনিয়র সিস্টেম এনালিস্ট -আহবায়ক<br>খ) জনাব মো: আতাউর রহমান, সহকারী পরিচালক- সদস্য<br>গ) জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, সহকারী পরিচালক - সদস্য<br>ঘ) জনাব মোঃ শাহীন মিয়া, শিক্ষা অফিসার- সদস্য<br>ঙ) জনাব কে এম সাঈদা ইরানী, শিক্ষা অফিসার- সদস্য<br>চ) জনাব মো: শরীফ উল ইসলাম, শিক্ষা অফিসার- সদস্য<br>ছ) জনাব মোঃ ইমামুল ইসলাম, উপপরিচালক – সদস্য সচিব | ১.৫.২ কমিটি আগামী ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে কর্মপরিকল্পনা চূড়ান্ত করে পরিচালক (প্রশাসন) বরাবর পেশ করবেন।<br>বাস্তবায়ন: সিনিয়র সিসেস্টম এনালিস্ট এবং উপপরিচালক (সংস্থাপন)। |
| | | **ক্রমিক নং ২.১.১** প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ করতে সকল দপ্তরের সক্রিয় সহযোগিতা প্রয়োজন মর্মে জনাব অনুজ কুমার রায়, সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি) সভায় অবহিত করেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য বাতায়ন প্রতি মাসে হালনাগাদের জন্য লাইন ডিভিশন থেকে প্রস্তাবনা পাওয়া গেলে হালনাগদ করা সম্ভব হবে মর্মে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | ২.১.১ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদের নিমিত্ত প্রতিটি লাইন ডিভিশন থেকে প্রকাশযোগ্য হালনাগাদ তথ্যাদি আইএমডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | | **ক্রমিক নং ২.১.২** আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ নিশ্চিতকরণে মেন্টরগণ বিভাগীয় উপপরিচালকদের তথ্য বাতায়ন প্রতি মাসে একবার করে পরিবীক্ষণ করে প্রয়োজনীয় ফিডব্যাক প্রদান করবেন মর্মে সভায় আলোচনা করা হয়।<br>**ক্রমিক নং ২.২.১** কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১০টি টিওটি প্রশিক্ষণ জাতীয়/বিভাগ/জেলাপর্যায়ে ভেন্যু করে আয়োজন করা হচ্ছে। ইতোমধ্যে ০৩টি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। অবশিস্ট প্রশিক্ষণসমূহ দ্রুত সম্পন্ন করা হবে।<br>**ক্রমিক নং ২.২.৫** দেশ/বিদেশে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ আগামী মার্চ ২০২৪ এর মধ্যে সমাপ্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। চলতি বছরে শ্রেষ্ঠ ইনোভেশন ধারণাসমূহ রংপুর বিভাগের কুড়িগ্রাম জেলায় পরিদর্শনের প্রস্তাব করা হয়। এছাড়া পরিদর্শনের আলোকে লার্নিং সেশন আয়োজনের বাধ্যবাধকতা থাকায় এ বিষয়ে অর্থছাড় ও পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি উপপরিচালক (সংস্থাপন) কে নির্দেশনা প্রদান করেন। | **২.১.২** আওতাধীন দপ্তর/ সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়ন: মেন্টর (সকল)।<br>**২.২.১** প্রশিক্ষণ কার্যক্রমগুলো ফেব্রুয়ারি/২০২৪ এর মধ্যে সমাপ্ত করতে হবে।<br>বাস্তবায়ন: ইনোভেশন টীম।<br>**২.২.৫** মার্চ ২০২৪ এর মধ্যে উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন এবং এপ্রিল ২০২৪ এর মধ্যে লানিং সেশন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়ন: উপপরিচালক (সংস্থাপন)। |
| খ. | বাজেট বিভাজন সংক্রান্ত আলোচনা; | চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে উদ্ভাবনী কোড ৩২৫৭১০৫ থেকে ৯০,০০,০০০/- (নব্বই লক্ষ) টাকার সংস্থান রয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি কার্যক্রমের বিপরীতে বাজেট বিভাজনপূর্বক একটি বাস্তবায়ন পরিকল্পনা পরিচালক (প্রশাসন) বরাবর ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে পেশ করতে সভাপতি উপপরিচালক (সংস্থাপন), জনাব মো: আতাউর রহমান, সহকারী পরিচালক ও জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, সহকারী পরিচালক এবং জনাব মোঃ শরীফ উল ইসলাম, শিক্ষা অফিসার- কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | প্রতিটি কার্যক্রমের বিপরীতে বাজেট বিভাজনপূর্বক একটি বাস্তবায়ন পরিকল্পনা পরিচালক (প্রশাসন) বরাবর ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে সভাপতি বরাবর পেশ করতে হবে।<br>বাস্তবায়ন: উপপরিচালক (সংস্থাপন), জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, সহকারী পরিচালক এবং জনাব মোঃ শরীফ উল ইসলাম, শিক্ষা অফিসার। |

৩। অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭।১২।২৩

এস. এম. আনছারুজ্জামান
পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার
ফোন: ০২-৫৫৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

নম্বর- ৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০৮.২২- ৯২

তারিখ: ১২ পৌষ ১৪৩০ / ২৭ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। চীফ ইনোভেশন অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (সকল,) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ।
৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪। জনাব--------------------------------------------------------------- সদস্য ইনোভেশন টীম/মেন্টর।
৫। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অতিরিক্ত মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

২৭.১২.২০২৩

মোঃ হুমায়ুন ইসলাম
উপপরিচালক (সংস্থাপন)